



মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট

মো: মাকরুজ্জামান  
উপপরিচালক (জনসংযোগ)  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোবা: ০১৭৪০-৬২৫৭৪০  
ইমেইল: prompa6@gmail.com  
ওয়েব সাইট: www.mpa.gov.bd

## “সংবাদ বিজ্ঞপ্তি-৩”

### “ঘূর্ণিঝড় রেমাল: মোংলা বন্দরে স্থানীয় সতর্ক সংকেত ৩, ‘অপারেশনাল কার্যক্রম শুরু’

‘ঘূর্ণিঝড় রেমাল’ বাংলাদেশের উপকূল অতিক্রম করায় মোংলা বন্দরকে ১০ নং মহাবিপদ সংকেত থেকে নামিয়ে স্থানীয় সতর্ক সংকেত ৩ দেখিয়ে যেতে বলা হয়েছে। মোংলা বন্দরও এলার্ট ৪ নং থেকে ১ এ নামিয়ে এনেছে। বন্দর চ্যানেলে অবস্থানরত বিদেশি জাহাজসমূহ নিরাপদে রয়েছে। জেটি এরিয়ায় সংরক্ষিত শেড, ওয়্যার হাউজ এবং ইয়ার্ডে রাখা গাড়ি, মেশিনারিজ ও কন্টেইনারসমূহ নিরাপদে রয়েছে। বন্দর জেটিতে অপারেশনাল কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে। বাতাসের বেগ কিছুটা তীব্র এবং নদী উত্তাল থাকার কারণে মোংলা বন্দরের ভিটিএমআইএস এর মাধ্যমে চ্যানেলের নৌযানসমূহকে নিরাপদে থাকার নির্দেশনা প্রদান করা হচ্ছে। পর্যাপ্ত প্রস্তুতি ও নিরাপত্তার কারণে মোংলা বন্দর ক্ষয়ক্ষতি এড়াতে সক্ষম হয়েছে।

স্বাক্ষরিত/-

২৭ মে, ২০২৪ খ্রি.

উপপরিচালক (জনসংযোগ)